তারিখ ... 12 FEB 2012
পৃষ্ঠা ১৬ ... ২

### সাংস্কৃতিক জোটের প্রতিবাদ সমাবেশ

# পাঠ্যপুস্তকে সাম্প্রদায়িক পরিবর্তন বাতিল দাবি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

পাঠ্যপুস্তকে সাম্প্রদায়িক পরিবর্তন বাতিলের দাবি জানিয়েছে সম্মিলিত সাংস্কৃতিক জোট। শনিবার বিকালে কেন্দ্রীয় শহীদ মিনারে আয়োজিত এক প্রতিবাদ সমাবেশ থেকে এ দাবি জানায় সংগঠনটি। সমাবেশ শেষে এক প্রতিবাদী মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলটি সোহরাওয়ার্দী উদ্যানের শিখা চিরন্তনসংলগ্ন গেটের কাছে গিয়ে পুনরায় শহীদ মিনারে এসে শেষ হয়। পরে সেখানে পরিবেশিত হয় প্রতিবাদী সাংস্কৃতিক অনুষ্ঠান।

সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি গোলাম কুদ্দুছের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য দেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব রামেন্দু মজুমদার, জোটের সাবেক সভাপতি নাসির উদ্দিন ইউসুফ বাচ্চু, জোটের সাধারণ সম্পাদক হাসান আরিফ প্রমুখ। সমাবেশে বক্তারা দ্রুততম সময়ের মধ্যে পাঠ্যপুস্তকে যেসব সাম্প্রদায়িক বিষয় যুক্ত করা হয়েছে তা বাতিলের দাবি জানান।

নাসির উদ্দিন ইউসুফ বাচ্চু বলেন, শিক্ষার মূল উপকরণ হচ্ছে পাঠ্যসূচি। এ পাঠ্যবইয়ের শিক্ষাটি যদি ভুল হয়, তাহলে একটি শিশু ভুল মানুষ হিসেবে বড় হবে। তাই তিন ধারার শিক্ষা পদ্ধতি বাতিল করে একমুখী শিক্ষা পদ্ধতি তৈরি করতে হবে। রামেন্দু মজুমদার বলেন, মাদ্রাসামুখী একমুখী শিক্ষার দিকেই আমরা যাচ্ছি। আগামী প্রজন্মকে নষ্ট করে দেয়ার জন্য এসব আয়োজন করা হয়েছে। হেফাজতের দাবির পরিপ্রেক্ষিতে সরকার পাঠ্যপুস্তকে পরিবর্তন এনেছে। একদিকে আমরা মুক্তিযুদ্ধের চিন্তার কথা বলছি, অন্যদিকে পাঠ্যপুস্তকে এ অবস্থার সৃষ্টি করছি। এমন দ্বিমুখী নীতি চলতে পারে না।

গোলাম কুদ্দুছ বলেন, 'পাঠ্যপুস্তকের সাম্প্রতিক পরিবর্তনকে আমরা সমর্থন করি না। আমরা এ পরিবর্তনের পরিবর্তন চাই। আমরা মুক্তিযুদ্ধ করেছি একটি অসাম্প্রদায়িক দেশের জন্য। আমাদের প্রত্যাশা শিশুরা পাঠ্যপুস্তকে অসাম্প্রদায়িক চেতনাকে পাবে। কিন্তু সাম্প্রতি যেসব পরিবর্তন আনা হয়েছে তাতে অসাম্প্রদায়িক চেতনাকে ভূলুণ্ঠিত করা হয়েছে। একটি বিশেষ ধর্মের লেখকদের লেখা বাদ দেয়া সাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গি মন্তব্য করে তিনি বলেন, যেসব লেখা বাদ দেয়া হয়েছে পাঠ্যপুস্তকে সেগুলো অন্তর্ভুক্ত করা হোক। এ সময় তিনি একই সঙ্গে সরকারের জঙ্গিবাদ মোকাবেলা করা এবং পাঠ্যপুস্তকে সাম্প্রদায়িকতা যুক্ত করাকে অসামঞ্জস্যপূর্ণ বলেও উল্লেখ করেন। এ ধরনের ঘটনা রোধে রাজনৈতিক সংগঠন ও ছাত্র সংগঠনগুলোকেও মনোযোগী হওয়ার আহ্বান জানান তিনি।